

**2023/TDC(CBCS)/ODD/SEM/
BNGDSE-502T/367**

TDC (CBCS) Odd Semester Exam., 2023

BENGALI

(5th Semester)

Course No. : BNGDSE-502T

(দেশভাগ ও বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে কুড়িটা প্রশ্নের উত্তর

দাও :

১×২০=২০

UNIT—I

- ১। দেশভাগ কত খ্রিস্টাব্দে হয়েছিল ?
- ২। দেশভাগের ফলে ভারত কয়টি রাষ্ট্রে বিভক্ত হয় ?
- ৩। দেশভাগের ঠিক আগে পূর্ববঙ্গের কোথায় ভয়ঙ্কর দাঙ্গা সংঘটিত হয়েছিল ?
- ৪। পূর্ব পাকিস্তান বর্তমানে কী নামে পরিচিত ?
- ৫। 'দেশভাগ দেশত্যাগ' গ্রন্থটির রচয়িতা কে ?

UNIT—II

- ৬। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসটি মোট কয়টি খণ্ডে বিভক্ত ?
- ৭। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসের প্রথম অনুচ্ছেদে কার জন্মের সংবাদ রয়েছে ?
- ৮। আবেদালির ছেলের নাম কী ?
- ৯। হাজি সাহেবের 'মাইজলা বিবি'র মনের মানুষটি কে ?
- ১০। ধনকর্তার প্রকৃত নাম কী ?

UNIT—III

- ১১। শেখর দাসের প্রথম রচনা কোনটি ?
- ১২। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসের প্রকাশকাল কত ?
- ১৩। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসে বসুমতীর স্বামীর নাম কী ছিল ?
- ১৪। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসে পারুল কীভাবে মারা যায় ?
- ১৫। সুরবালার একমাত্র কন্যাসন্তানের নাম কী ছিল ?

UNIT—IV

- ১৬। ‘রক্তমণির হারে’ গল্প সংকলনটির সম্পাদক কে ?
- ১৭। ‘রক্তমণির হারে’ শীর্ষক গল্প সংকলনটি মোট কয়টি খণ্ডে বিভক্ত ?
- ১৮। ‘ভুবন ডাক্তার’ গল্পের মাসিমার চাকরের নাম কী ?
- ১৯। ‘পথের কাঁটা’ গল্পের প্রথম প্রশ্নটি কার কণ্ঠে উচ্চারিত হয়েছে ?
- ২০। ‘ধোঁয়া-ধুলো-নক্ষত্র’ গল্পে কাকে রাতকানা বলা হয়েছে ?

UNIT—V

- ২১। ‘নতুন ইহুদী’ কত সালে প্রকাশিত হয় ?
- ২২। ‘নতুন ইহুদী’ নাটকের প্রথম সংলাপটি কার ?
- ২৩। ‘নতুন ইহুদী’ নাটকে মীর্জা কে ?
- ২৪। পণ্ডিতমশাই-এর গ্র্যাচুইটির টাকার পরিমাণ কত ?
- ২৫। “আমি কুলি হমু—আমি বাওনের পোলা না ?” কার উক্তি ?

SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের
উত্তর দাও :

২×৫=১০

UNIT—I

- ২৬। ‘দ্বিজাতিতত্ত্ব’ বলতে কী বোঝানো হয়েছে?
- ২৭। দেশভাগ ও উদ্বাস্তু জীবন অবলম্বনে রচিত উত্তর-পূর্বাঞ্চলের দুটি
উপন্যাসের নাম লেখো।

UNIT—II

- ২৮। ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসের জন্য লেখক কোন্ দুটি
পুরস্কারে ভূষিত হয়েছিলেন?
- ২৯। ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত
হয়? উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে?

UNIT—III

- ৩০। ‘বিন্দু বিন্দু জল’ উপন্যাস ছাড়া শেখর দাসের অন্য দুটি
উপন্যাসের নাম লেখো।
- ৩১। নলিনীর দুই নাতি-নাতনির নাম লেখো।

UNIT—IV

- ৩২। ‘হারানো সুর’ গল্পে মেসে উপস্থিত যে কোনো দুজনের নাম
লেখো।
- ৩৩। “ছেলেরা দেশান্তরী হল কেন জবাব দাও?” কে, কাকে প্রশ্নটি
করেছিল?

UNIT—V

- ৩৪। 'নতুন ইহুদী' নাটকটি প্রথম কত সালে, কোন্ রঙ্গমঞ্চে অভিনীত হয়েছিল?
- ৩৫। "কত দিন কত লোকে আনন্দ কইরা খাওয়াছি।" কে, কোন্ প্রসঙ্গে উক্তিটি করেছেন?

SECTION—C

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

UNIT—I

- ৩৬। বাঙালি সংস্কৃতিতে দেশভাগের অভিঘাত বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।
- ৩৭। বাংলা গল্পে কীভাবে দেশভাগের করুণ ছবি ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।

UNIT—II

- ৩৮। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে ফলে আসা জীবনের প্রতি যে আবেগ ও অনুভূতি প্রকাশ পেয়েছে তা নিজের ভাষায় বর্ণনা করো।
- ৩৯। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসের নামকরণে যে ব্যঙ্গনা নিহিত আছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

UNIT—III

- ৪০। ‘বিন্দু বিন্দু জল’ উপন্যাসে দুটি পরিবারকে কেন্দ্র করে দেশভাগের যে করুণ চিত্র প্রকাশ পেয়েছে তার বিবরণ দাও।
- ৪১। ‘বিন্দু বিন্দু জল’ উপন্যাসের সুরবালা চরিত্রটি আলোচনা করো।

UNIT—IV

- ৪২। ‘ভুবন ডাক্তার’ গল্পে ভুবন আত্মগ্লানি থেকে কীভাবে মুক্তি পেল, আলোচনা করো।
- ৪৩। দেশভাগ-পরবর্তী রাজনৈতিক পালাবদলে পিষ্ট কলোনিবাসীর জীবনযন্ত্রণা ‘ধোঁয়া-ধুলো-নক্ষত্র’ গল্পে যেভাবে চিত্রিত হয়েছে তা নিজেদের ভাষায় বিবৃত করো।

UNIT—V

- ৪৪। সলিল সেনের ‘নতুন ইহুদী’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।
- ৪৫। “দেশ কথাটা মোহ নারে, দেশ মাইনসের মনে... আমার পোলায় আর তুই লড়াই না কইরা বাইচা বরতা থাকবি—আমারে জবান দিয়া যা, কসম খাইয়া যা বেটা।” দেশভাগ-পরবর্তী বাঙালি জীবনে মৌলবী মীর্জার এই স্বপ্ন কতটা রক্ষিত হয়েছে, আলোচনা করো।

★ ★ ★

2023/TDC(CBCS)/ODD/SEM/
BNGDSE-502T/367